সংঘাতের চার দিনে ইরানে প্রাণহানি ছাড়াল এক হাজার



সংগৃহীত ছবি

ইরান-ইসরায়েল-যুক্তরাষ্ট্র সংঘাত শুরু হওয়ার পর মাত্র চার দিনেই ইরানে বেসামরিক মৃত্যুর সংখ্যা এক হাজার ছাড়িয়েছে। ২৮ ফেব্রুয়ারি থেকে ৩ মার্চ পর্যন্ত সময়ে নিহত হয়েছেন ১,০৯৭ জন সাধারণ মানুষ। তাদের মধ্যে ১৮১ জনের বয়স ১০ বছরের নিচে। একই সময়ে আহত হয়েছেন অন্তত ৫,৪০২ জন, যাদের মধ্যে শতাধিক শিশু রয়েছে।

মঙ্গলবার প্রকাশিত এক বিবৃতিতে এই তথ্য জানায় যুক্তরাষ্ট্রভিত্তিক ইরানি মানবাধিকার সংস্থা Human Rights Activists News Agency। সংস্থাটির দাবি, নির্দিষ্ট সময়ের মধ্যে ইরানের বিভিন্ন অঞ্চলে শত শত দফা বিমান হামলা চালানো হয়েছে। এসব হামলায় সামরিক স্থাপনার পাশাপাশি হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র এবং আবাসিক এলাকাও ক্ষতিগ্রস্ত হয়েছে বলে উল্লেখ করা হয়।

তবে হতাহতদের সংখ্যা নিয়ে বিভিন্ন উৎস থেকে তথ্য আসছে জানিয়ে সংস্থাটি বলেছে, প্রাপ্ত সব তথ্য যাচাই-বাছাইয়ের প্রক্রিয়া এখনো চলমান।

সূত্র: বিবিসি